



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল. রাজশাহী
web- <http://seo.rajshahi.gov.bd>



স্মারক নং- ৭৩২৪/প্রঃ

তারিখ : ২০/০৪/২০২৩

বিষয় : সরকারিকরণকৃত আক্কেলপুর সরকারি ফজর উদ্দীন পাইলট উচ্চ বিদ্যালয়, আক্কেলপুর, জয়পুরহাট এর আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদানের আবেদনপত্র অগ্রায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৩৮.২১-৬২৬, তারিখ ১৯.০৩.২০২৩ খ্রি. পত্রে আক্কেলপুর সরকারি ফজর উদ্দীন পাইলট উচ্চ বিদ্যালয়, আক্কেলপুর, জয়পুরহাট-এ কর্মরত ২১ জন শিক্ষক/শিক্ষিকা-কে প্রতিষ্ঠানটি সরকারিকরণের তারিখ ২৮.০৮.২০১৮ খ্রি. হতে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়। বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় জনাব মোঃ আব্দুল মতিন, সহকারী প্রধান শিক্ষক ২১.০৩.২০২৩ খ্রি. তারিখে প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করেন। তিনি বিদ্যালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আর্থিক লেনদেনের ক্ষমতা প্রাপ্তির আবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্র অত্র দপ্তরে দাখিল করেছেন।

এমতাবস্থায় বিদ্যালয়ের আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদানের নিমিত্তে দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজপত্র এতদসঙ্গে বিনয়ের সাথে অগ্রায়ন করা হলো।

ড. শরমিন ফেরদৌস চৌধুরী
(ড. শরমিন ফেরদৌস চৌধুরী)
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল. রাজশাহী

২০/০৪/২৩

প্রাপক : মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং- ৭৩২৪/প্রঃ (২)

তারিখ : ২০/০৪/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। প্রধান শিক্ষক, আক্কেলপুর সরকারি ফজর উদ্দীন পাইলট উচ্চ বিদ্যালয়, আক্কেলপুর, জয়পুরহাট
০২। সংরক্ষণ নথি

ড. শরমিন ফেরদৌস চৌধুরী
(ড. শরমিন ফেরদৌস চৌধুরী)
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল. রাজশাহী

২০/০৪/২৩